# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাত শুরু করার আগে ইমাম কর্তৃক মুক্তাদীদেরকে যা আদেশ করা মুস্তাহাব

ذِكْرُ مَا يَأْمُرُ الْإِمَامُ الْمَأْمُومِينَ بِإِقَامَةِ الصُّفُوفِ قَبْلَ ابْتِدَاءِ الصَّلَاةِ

আরবী

2170 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنِي حُمَيْدٌ الطَّوِيلُ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: أَقْبَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَجْهِهِ حِينَ قَامَ إِلَى الصَّلَاةِ قَبْلَ أَنْ يُكَبِّرَ فَقَالَ: (أَقِيمُوا صُفُوفَكُمْ وَتَرَاصُّوا فَإِنِّي أَرَاكُمْ مِنْ وراء ظهري)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2170 | خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (31 و 3955): خ وم.

বাংলা

২১৭০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে দাঁড়াতেন, তখন তিনি তাকবীর দেওয়ার আগে আমাদের মুখোমুখী হতেন এবং বলতেন, “তোমরা তোমাদের কাতারগুলো সোজা করো, পরস্পরের সাথে সংযুক্ত হয়ে দাঁড়াও। কেননা আমি তোমাদেরকে আমার পৃষ্ঠদেশ থেকেও দেখতে পাই।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ২/৯২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫১; মুসনাদে ইমাম শাফে‘ঈ: ১/১৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৪৬২; মুসনাদ আহমাদ: ৩/৩০১; আবূ আওয়ানা: ২/৩৯; সহীহ আল বুখারী: ৭১৯; সুনান বাইহাকী: ২/২১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮০৭; নাসাঈ: ২/৯১; সহীহ মুসলিম: ৪৩৪; আবূ দাঊদ: ৬৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন